



# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড MEGHNA LIFE INSURANCE CO. LTD.

সূত্র : এমএলআই/প্রঃকাঃ/জনসংযোগ/২০২৫/০২

১০ আগস্ট ২০২৫

## সার্কুলার

বিষয়ঃ ১ম বর্ষ সর্বোচ্চ প্রিমিয়াম অর্জনকারী জোন ইনচার্জ ও এফএ -গণের নাম ও ছবি সম্বলিত ফেস্টুন কোম্পানীর প্রতিটি জোন ও সিএসসি কার্যালয়ে প্রদর্শনের নিমিত্তে করণীয় প্রসঙ্গে।

কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক এখন থেকে প্রতি মাসে কোম্পানীর ১ম বর্ষ সর্বোচ্চ প্রিমিয়াম অর্জনকারী জোন ইনচার্জ ও এফএ -গণের নাম ও ছবি সম্বলিত ফেস্টুন তৈরী করে কোম্পানীর প্রতিটি জোন অফিস ও সিএসসি-তে প্রদর্শনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সিদ্ধান্ত অনুযায়ী আর্থিক বরাদ্দের হার ও করণীয় সম্পর্কে নিম্নে উল্লেখ করা হলোঃ

ক্রমিক	বিবরণ	বরাদ্দকৃত অর্থের পরিমাণ (টাকায়)
১.	প্রতিটি জোন অফিস ও সিএসসি-তে ফেস্টুন প্রদর্শনের নিমিত্তে এ্যালুমিনিয়ামের ০২টি X-stand ক্রয়ের জন্য এককালীন খোক বরাদ্দ	৳ ১,০০০/-
২.	প্রতিটি জোন অফিস ও সিএসসি-তে ফেস্টুন প্রদর্শনের নিমিত্তে প্রধান কার্যালয়ের জনসংযোগ বিভাগ থেকে পাঠানো নমুনা মোতাবেক ০২টি ফেস্টুন প্রিন্ট বাবদ খোক বরাদ্দ	৳ ৬০০/-

### করণীয়ঃ

- বর্ণিত খরচাদি সংশ্লিষ্ট জোনের মাধ্যমে সম্পন্ন করে প্রদর্শিত ফেস্টুনের মোবাইলে ধারণকৃত ছবিসহ বিল-ভাউচার প্রধান কার্যালয়ের অনুমোদন সাপেক্ষে সমন্বয় করতে হবে।
- প্রধান কার্যালয়ের জনসংযোগ বিভাগ থেকে পাঠানো ডিজাইন মোতাবেক প্রতি মাসে শুধুমাত্র ফেস্টুন প্রিন্ট করে এককালীন ক্রয়কৃত এ্যালুমিনিয়ামের X-stand -এ প্রদর্শন করতে হবে।

বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করে নিজ নিজ দায়িত্ব পালনে সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকল জোন ইনচার্জ ও সিএসসি ইনচার্জগণকে অনুরোধ করা হলো।

(মিঃ মোঃ মশিউর রহমান)  
এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট -প্রশাসন